গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.৯৯.০০১.২৪/ ৭১ তারিখ: ১৯ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
০৩ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিশেষ আদেশ নং- ০১/২০২৫**

**বিষয়: ব্যক্তি করদাতাগণের (Individual Taxpayers) অনলাইনে আয়কর রিটার্ন দাখিল সংক্রান্ত বিশেষ আদেশ।**

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩২৮ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, এই আদেশ দ্বারা, ০৪ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ হইতে ২০২৫-২০২৬ করবর্ষের জন্য নিম্নোক্ত ক্ষেত্র ব্যতীত সকল স্বাভাবিক ব্যক্তি করদাতার অনলাইনে (www.etaxnbr.gov.bd) আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করিল:

(ক) ৬৫ (পঁয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়সের প্রবীণ করদাতা;

(খ) শারীরিকভাবে অসমর্থ বা বিশেষ চাহিদাসম্পন্ন করদাতা (সনদপত্র দাখিল সাপেক্ষে);

(গ) বিদেশে অবস্থানরত বাংলাদেশী করদাতা;

(ঘ) মৃত করদাতার পক্ষে আইনগত প্রতিনিধি।

তবে শর্ত থাকে যে, (ক), (খ), (গ) ও (ঘ) এ উল্লিখিত করদাতাগণ ইচ্ছাপোষণ করিলে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করিতে পারিবেন।

২। ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধন সংক্রান্ত সমস্যার কারণে উপরে উল্লিখিত করদাতাগণ ব্যতীত অন্য যেকোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা অনলাইনে আয়কর রিটার্ন দাখিলে সমর্থ না হইলে ৩১ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপকর কমিশনারের নিকট সুনির্দিষ্ট যৌক্তিকতাসহ আবেদন করিলে সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্মকর কমিশনারের অনুমোদনক্রমে উক্ত করদাতা পেপার রিটার্ন দাখিল করিতে পারিবেন।

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

**বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/ সচিব, ..................................................(দ্রুততম সময়ের মধ্যে অধীনস্থ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক,..............................................(দ্রুততম সময়ের মধ্যে অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

৩। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।

৫। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

৬। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা।

৭। কর কমিশনার, কর আপীল অঞ্চল-চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

৮। কর কমিশনার, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, ঢাকা।

৯। মহাপরিচালক, বিসিএস কর একাডেমী, ঢাকা/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ)/কর অঞ্চল-১/২/ ৩/৪/৫ /৬/৭/ ৮/৯/১০ /১১/১২/১৩/১৪ /১৫/১৬ /১৭/১৮ /১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা (দ্রুততম সময়ের মধ্যে সকল কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

১১। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম (দ্রুততম সময়ের মধ্যে সকল কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

১২। কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/ গাজীপুর/ ময়মনসিংহ/ কুমিল্লা/ বগুড়া/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ সিলেট/খুলনা/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা (দ্রুততম সময়ের মধ্যে সকল কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

১৩।সিস্টেম ম্যানজোর, জাতীয় রাজস্ব বোঁড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফসিয়িাল ওয়বেসাইটে আপলোডের জন্য)।

১৪। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতরি জন্য)।

১৫। অফিস কপি/ গার্ড কপি।

HM Shahoriar Hasan 03/08/2025

(এইচ এম শাহরিয়ার হাসান)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
কর নীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড